**PUMDET-2018** **82110001**
**Subject: Bengali** **(Booklet Number)**

**Duration: 90 minutes** **Full Marks: 100**

## নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর দিলে 2 নম্বর পাবে। ভুল উত্তর দিলে অথবা একাধিক উত্তর দিলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A,B,C,D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র কালো বা নীল বল পয়েন্ট পেন ব্যাবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোন দাগ দেবে না।

৫. OMR পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষা কেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের সম্পূর্ণ সাক্ষর দিতে হবে।

৭. OMR উত্তরপত্রটি ইলেকট্রনিক যন্ত্রের সাহায্যে পড়া হবে। সুতরাং প্রশ্নপেত্রর নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে উত্তরপত্রটি অনিবার্য কারণে বাতিল হতে পারে। এছাড়া পরীক্ষার্থীর নাম, পরীক্ষা কেন্দ্রের নাম বা সাক্ষরে কোন ভুল থাকলেও উত্তর পত্র বাতিল হয়ে যেতে পারে। OMR উত্তরপত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসর্তকতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইলফোন, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, রেখাচিত্র, গ্রাফ বা কোন ধরণের তালিকা পরীক্ষা কক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রের শেষে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোন কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষা কক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্য ই পরিদর্শককে দিয়ে যাবে।

ROUGH WORK ONLY

| | |
|---|---|
| 1. | ‘বাঙ্‌লা সাহিত্যের রূপরেখা’ বইটির রচয়িতা:<br>(A) অসিতকুমার বন্দ্যোপাধ্যায় (B) সুকুমার সেন<br>(C) গোপাল হালদার (D) ভূদেব চৌধুরী |
| 2. | সুকুমার সেন সম্পাদিত চর্যাগীতি সংকলনটির নাম হল:<br>(A) চর্যাপদ (B) চর্যাপদাবলী (C) চর্যাগীতি (D) চর্যাগীতি পদাবলী |
| 3. | দেবী চৌধুরাণী উপন্যাসের বিজ্ঞাপনে বঙ্কিমচন্দ্রের অপর যে উপন্যাসটির উল্লেখ আছে, সেটি হল<br>(A) ‘রাজসিংহ’ (B) ‘আনন্দমঠ’<br>(C) ‘মৃণালিনী’ (D) ‘দুর্গেশনন্দিনী’ |
| 4. | বাংলা ভাষায় ব্যবহৃত ‘মিনতি’ শব্দটি হল<br>(A) লোকনিরুক্তি মূলক শব্দ (B) জোড়কলম শব্দ<br>(C) অনুগামী শব্দ (D) সংকর শব্দ |
| 5. | ‘ব্যবহারমাত্রিকা’ গ্রন্থটির রচয়িতা হলেন<br>(A) বল্লাল সেন (B) অনিরুদ্ধ ভট্ট (C) হলায়ুধ (D) জীমূতবাহন |
| 6. | প্রশান্তকুমার পালের লেখা রবীন্দ্রনাথের জীবনীগ্রন্থটির নাম:<br>(A) রবিজীবনী (B) রবীন্দ্রজীবনী<br>(C) রবীন্দ্রজীবনকথা (D) রবিজীবন |
| 7. | “উঠানে ডুবিয়া মরি না জানি সাঁতার” - মুকুন্দ চক্রবর্তীর কবিকঙ্কন চন্ডী তে এই আক্ষেপোক্তি করেছে:<br>(A) বুলান মন্ডল (B) মহেশ্বর দাস<br>(C) কলিঙ্গরাজের কোটাল (D) ভাঁড়ু দত্ত |
| 8. | ‘রবীন্দ্র আরতি’ কাব্যগ্রন্থের রচয়িতা হলেন:<br>(A) সত্যেন্দ্রনাথ দত্ত (B) করুণানিধান বন্দ্যোপাধ্যায়<br>(C) কালিদাস রায় (D) যতীন্দ্রমোহন বাগচী |
| 9. | রমেশচন্দ্র দত্তের প্রথম উপন্যাস:<br>(A) ‘বঙ্গবিজেতা’ (B) ‘মাধবীকঙ্কণ’<br>(C) ‘বঙ্গাধিপ পরাজয়’ (D) ‘মাধবীলতা’ |

| | |
|---|---|
| 10. | প্রাচীন বাংলার কোটাবর্ষ নগরের অবস্থান ছিল:<br>(A) করতোয়া নদীর তীরে<br>(B) ইছামতী - ব্রহ্মপুত্রের সঙ্গমে<br>(C) পুনর্ভবার তীরে<br>(D) গোমতীনদী ও ময়নামতী পাহাড়ের ক্রোড়ে |
| 11. | যে উপন্যাসটির জন্য সতীনাথ ভাদুড়ী রবীন্দ্রপুরস্কার পেয়েছিলেন সেটি হল:<br>(A) জাগরী (B) ঢোঁড়াইচরিত মানস (C) অচিন রাগিনী (D) চিত্রগুপ্তের ফাইল |
| 12. | রবীন্দ্রনাথের শেষের কবিতা প্রথম প্রকাশিত হয়েছিল:<br>(A) সবুজপত্রে (B) প্রবাসীতে (C) বিচিত্রায় (D) ভারতবর্ষে |
| 13. | সৈয়দ ওয়ালীউল্লাহ্ র প্রথম উপন্যা:<br>(A) 'চাঁদের অমাবস্যা' (B) 'লালসালু' (C) 'কাঁদো নদী কাঁদো' (D) 'নয়নচারা' |
| 14. | জগদ্দল মহাবিহার ছিল:<br>(A) চট্টগ্রামে (B) ত্রিপুরায় (C) উত্তরবঙ্গের বরেন্দ্রীতে (D) মগধে |
| 15. | আরিস্টটলের মতে অনুকরণের বিষয় হল:<br>(A) মানুষ ও প্রকৃতি (B) মানুষ ও প্রাণিজগত<br>(C) মানুষ ও তার ক্রিয়াকলাপ (D) মানুষ ও তার পরিপার্শ্ব |
| 16. | এই <u>মেঘে</u> বৃষ্টি হবে না।<br>(A) কর্মে -'এ' বিভক্তি (B) অপাদানে -'এ' বিভক্তি<br>(C) কর্তায় -'এ' বিভক্তি (D) অধিকরণে 'এ' বিভক্তি |
| 17. | 'জমিদার দর্পন' নাটক টি লিখেছেন:<br>(A) দীনবন্ধু মিত্র (B) উমেশচন্দ্র মিত্র<br>(C) রাজকৃষ্ণ রায় (D) মীর মশাররফ হোসেন |
| 18. | তালিকায় উল্লিখিত যে কাব্যটির রচয়িতা হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় সেটি হল:<br>(A) 'রঙ্গমতী' (B) 'কনকাঞ্জলি'<br>(C) 'চিন্তাতরঙ্গিনী' (D) 'প্রেমপ্রবাহিনী' |
| 19. | ঋত্বিক ঘটকের 'মেঘে ঢাকা তারা' চলচ্চিত্রটি যার লেখা কাহিনি অবলম্বনে নির্মিত, তিনি হলেন:<br>(A) মানিক বন্দ্যোপাধ্যায় (B)শক্তিপদ রাজগুরু<br>(C) সুবোধ ঘোষ (D) ঋত্বিক ঘটক স্বয়ং |

| | | |
|---|---|---|
| 20. | তালিকায় প্রদত্ত বইগুলির মধ্যে যে বইটির রচয়িতা অন্নদাশঙ্কর রায় সেটি হল:<br>(A) 'আমরা ও তাহারা' (B) 'আমরা'<br>(C) 'আমার ভারত - উদ্ধার' (D) 'আমার আত্মকাহিনী' |
| 21. | 'উড়ো খই' বইটির লেখক:<br>(A) সমর সেন (B) বাদল সরকার (C) তারাপদ রায় (D) বিমল কর |
| 22. | রবীন্দ্রনাথের 'সহজ পাঠ' এর ছবিগুলি এঁকেছিলেন:<br>(A) অবনীন্দ্রনাথ ঠাকুর (B) বিনোদবিহারী মুখোপাধ্যায়<br>(C) রবীন্দ্রনাথ স্বয়ং (D) নন্দলাল বসু |
| 23. | বাংলা ভাষায় ব্যবহৃত কার্তুজ শব্দটি এসেছে:<br>(A) আরবি থেকে (B) ফারসি থেকে<br>(C) ফরাসি থেকে (D) পোর্তুগিস থেকে |
| 24. | নজরুলের 'ছায়ানট' একটি<br>(A) উপন্যাস (B) গানের বই (C) কাব্যগ্রন্থ (D) প্রবন্ধ সংকলন |
| 25. | প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত নাটক ও নাট্যকারের নামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত কর:<br>প্রথম তালিকা / দ্বিতীয় তালিকা<br>(a) নরনারায়ণ — (i)উপেন্দ্রনাথ দাস<br>(b) কর্ণার্জুন — (ii)শচীন্দ্রনাথ সেনগুপ্ত<br>(c) তটিনীর বিচার — (iii)অপরেশচন্দ্র মুখোপাধ্যায়<br>(d) সুরেন্দ্র বিনোদিনী — (iv)ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ<br>(A) a-i, b-ii, c-iii, d-iv (B) a-iv, b-iii, c-ii, d-i<br>(C) a-iii, b-iv, c-i, d-ii (D) a-iv, b-i, c-ii, d-iii |
| 26. | 'বলাকা' কবিতাটি বলাকা কাব্যগ্রন্থের<br>(A) ১ নং কবিতা (B) ৪ নং কবিতা<br>(C) ৩৬ নং কবিতা (D) ৩৭ নং কবিতা |
| 27. | এর মধ্যে যে পত্রিকাটি 'স্কুল বুক সোসাইটি' কর্তৃক প্রকাশিত হয়েছিল, সেটি হল:<br>(A) 'জ্ঞানান্বেষণ' (B) 'পশ্বাবলী' (C) 'গস্পেল ম্যাগাজিন' (D) 'বিজ্ঞান সেবধি' |

| | |
|---|---|
| 28. | ‘The Winter’s Tale’ একটি<br>(A) গল্প (B) কবিতা (C) নাটক (D) উপন্যাস |
| 29. | ‘ছন্দতত্ত্ব ছন্দরূপ’ বইটির লেখক:<br>(A) পবিত্র সরকার (B) জীবেন্দ্র সিংহ রায়<br>(C) রামবহাল তেওয়ারী (D) নীলরতন সেন |
| 30. | জয়দেবের ‘শ্রী শ্রী গীতগোবিন্দম্’ কাব্যের শেষ সর্গের নাম:<br>(A) ‘সুপ্রীতপীতাম্বরঃ’ (B) ‘মুগ্ধমুকুন্দঃ’<br>(C) ‘সামোদদামোদরঃ’ (D) ‘সানন্দগোবিন্দঃ’ |
| 31. | ‘ইউসুফ জোলেখা’ র রচয়িতা হলেন:<br>(A) সৈয়দ মর্তুজা (B) সারিবিদ খান<br>(C) শেখ চান্দ (D) শাহ মহম্মদ সগীর |
| 32. | যিনি প্রথম ‘রস’ কে সাহিত্যের বীজরূপে বর্ণনা করেছিলেন, তিনি হলেন:<br>(A) অভিনবগুপ্ত (B) আনন্দবর্ধন<br>(C) ভরত (D) বিশ্বনাথ |
| 33. | ‘ভারতী’ পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন:<br>(A) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (B) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর<br>(C) সুধীন্দ্রনাথ ঠাকুর (D) রবীন্দ্রনাথ ঠাকুর |
| 34. | ‘যেও না যেও না নবমী রজনী’ - শাক্তপদাবলীর বিজয়া পর্যায়ের এই গানটির রচয়িতা হলেন:<br>(A) মধুসূদন দত্ত (B) নবীনচন্দ্র সেন<br>(C) মনোমোহন বসু (D) কমলাকান্ত |
| 35. | ‘আলাপ থেকে বিস্তার’ বইটির রচয়িতা হলেন:<br>(A) আলপনা রায় (B) সুভাষ চৌধুরী (C) সুধীর চন্দ (D) সুধীর কুমার চক্রবর্তী |
| 36. | মোহন রাকেশের ‘আষাঢ় কা একদিন’ একটি<br>(A) নাটক (B) কবিতা (C) ভ্রমণবৃত্তান্ত (D) উপন্যাস |
| 37. | শরৎচন্দ্রের ‘নারীর মূল্য’ প্রকাশিত হয়েছিল:<br>(A) ‘ভারতবর্ষ’ পত্রিকায় (B) ‘বঙ্গবাসী’ পত্রিকায়<br>(C) ‘যমুনা’ পত্রিকায় (D) ‘প্রবাসী’ পত্রিকায় |

| | |
|---|---|
| 38. | "ভারতীয় সাহিত্যে প্রাচীনের অস্তরাগ তিনি, এবং আধুনিকের পূর্বরাগ"<br>- জয়দেব সম্পর্কে এই মন্তব্যটি করেছেন:<br>(A) সুশীলকুমার দে (B) বলেন্দ্রনাথ ঠাকুর<br>(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (D) বুদ্ধদেব বসু |
| 39. | 'লেখকের কথা' বইটির লেখক হলেন:<br>(A) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (B) মানিক বন্দ্যোপাধ্যায়<br>(C) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (D) প্রেমেন্দ্র মিত্র |
| 40. | 'শ্রুতি' কবিতা পত্রিকার প্রথম সংখ্যা প্রকাশিত হয়েছিল:<br>(A) এপ্রিল, ১৯৬২ তে (B) এপ্রিল, ১৯৬৫ তে (C) মার্চ, ১৯৬৬ তে (D) নভেম্বর, ১৯৬৬ তে |
| 41. | তিলু, নিলু, বিলু এই তিনটি চরিত্রকে পাওয়া যায়<br>(A) 'জাগরী' উপন্যাসে (B) 'ধাত্রীদেবতা ' উপন্যাসে<br>(C) 'ইছামতী' উপন্যাসে (D) ' পুতুলনাচের ইতিকথা 'উপন্যাসে |
| 42. | 'আমার অমীমাংসিত শুভা' বইটি,<br>(A) সুবো আচার্যর কবিতার বই (B) বাসুদেব দাশগুপ্তর গল্পের বই<br>(C) প্রদীপ চৌধুরীর কবিতার বই (D) মলয় রায়চৌধুরীর কবিতার বই |
| 43. | ' The Art of Fiction' বইটির লেখক<br>(A) Percy Lubbock (B) Henry James<br>(C) Georg Lukacs (D) E. M. Forster |
| 44. | অষ্টম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যবর্তী সময়ে রচিত বাংলা সাহিত্যকে হিন্দু বৌদ্ধযুগের নিদর্শন বলে চিহ্নিত করেছিলেন:<br>(A) দীনেশচন্দ্র সেন (B) রামগতি ন্যায়রত্ন<br>(C) হরপ্রসাদ শাস্ত্রী (D) শশিভূষণ দাশগুপ্ত |
| 45. | যে বৈষ্ণবপদ সংকলনটিকে সুকুমার সেন 'বৈষ্ণবপদাবলীর মহাভারত' বলে অভিহিত করেছেন সেটি হল:<br>(A) ক্ষণদাগীত চিন্তামণি (B) পদামৃতসমুদ্র (C) পদ্যাবলী (D) পদকল্পতরু |
| 46. | বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্য জীবনী গ্রন্থটি হল:<br>(A) কৃষ্ণদাস কবিরাজের চৈতন্যচরিতামৃত (B) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত<br>(C) লোচন দাসের চৈতন্যমঙ্গল (D) স্বরূপ দামোদরের কড়চা |
| 47. | ভার্জিনিয়া উলফ এর ' A Room of one's own' একটি<br>(A) উপন্যাস (B) গল্পের বই (C) সমালোচনা গ্রন্থ (D) প্রবন্ধের বই |

| | |
|---|---|
| 48. | ‘দয়াময়ীর কথা’ বইটি লিখেছেন<br>(A) যমুনা বন্দ্যোপাধ্যায় (B) মণিকুন্তলা সেন<br>(C) সুনন্দা সিকদার (D) অশোকা গুপ্ত |
| 49. | রবীন্দ্রনাথ তাঁর পঞ্চভূত বইটি উৎসর্গ করেছেন:<br>(A) মহারাজ শ্রীজগদিন্দ্রনাথ রায় বাহাদুরকে (B) রাজশেখর বসুকে<br>(C) জগদীশচন্দ্র বসুকে (D) রামেন্দ্রসুন্দর ত্রিবেদীকে |
| 50. | ‘কাব্যালোক’ গ্রন্থটির রচয়িতা<br>(A) অতুল গুপ্ত (B) সুশীলকুমার দে<br>(C) সুধীরকুমার দাশগুপ্ত (D) বিষ্ণুপদ ভট্টাচার্য |